

“শেখ হাসিনা বার্তা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
[www.kkcp.gov.bd](http://www.kkcp.gov.bd)

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.০৮.০৬৬.২২- ৪৫৩

তারিখঃ ১৪.১১.২০২৩খ্রি.

**বিষয়ঃ ‘কিশোর-কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পের মাঠ পর্যায়ে নিয়োজিত জেড্ডার প্রোমোটর, সংগীত শিক্ষক এবং আবৃত্তি শিক্ষকগণের ছুটি/অনুপস্থিতির বিষয়ে নির্দেশনা প্রসঙ্গে।**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘কিশোর- কিশোরী ক্লাব স্থাপন’ প্রকল্পে ডিপিপি অনুসারে জেড্ডার প্রোমোটর, সংগীত/আবৃত্তি শিক্ষকগণ দৈনিক ভিত্তিতে নিয়োজিত। তাই বিধি অনুসারে তাদের কোনো ছুটি প্রাপ্য নয় এবং তারা যেদিন ক্লাবে অনুপস্থিত থাকবেন সেদিন ভাতা পাবেন না। কিন্তু তারা ক্লাবে প্রায়শই অনুপস্থিত থাকলে ক্লাব প্রতিষ্ঠার উদ্দেশ্যই ব্যাহত হয়। তাই বিনা কারণে বা সামান্য অজুহাতে কোনো জেড্ডার প্রোমোটর, সংগীত/আবৃত্তি শিক্ষক ক্লাবে দীর্ঘদিন/প্রায়শই অনুপস্থিত থাকলে তাকে কারণ দর্শানোর সুযোগ দিয়ে ক্লাব ম্যানেজমেন্ট কমিটির সভাপতি/প্রকল্প কার্যালয়ের অনুমতিক্রমে চাকুরি থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে এবং অনুমোদিত প্যানেল থেকে জনবল নিয়োগ দিয়ে ক্লাব কার্যক্রম চালু রাখা যেতে। তবে মাতৃহীন কারণে বা দুর্ঘটনা/অসুস্থতার জন্য কেউ ক্লাবে উপস্থিত থাকতে না পারলে এবং বিষয়টি কর্তৃপক্ষকে যথানিয়মে অবহিত রাখলে তাদের বিষয়টি মানবিকভাবে বিবেচনা করা যায়। সে ক্ষেত্রে বিকল্প ব্যবস্থায় ক্লাব কার্যক্রম চালু রাখতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে অন্য কোনো জেড্ডার প্রোমোটর বা অন্য ক্লাবের কোনো সংগীত/আবৃত্তি শিক্ষক ক্লাব কার্যক্রম চালু রাখার সহায়তা করতে পারে বা অনুমোদিত প্যানেল থেকে সাময়িকভাবে নিয়োগ প্রদান করেও ক্লাব কার্যক্রম চালু রাখা যেতে পারে। যিনি ক্লাব কার্যক্রমে অংশগ্রহণ করবেন তিনি ভাতা পাবেন। স্থানীয়ভাবে উদ্ভূত পরিস্থিতি বিবেচনা করে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ অন্য কোন উপযুক্ত ব্যবস্থাও গ্রহণ করতে পারবেন।

প্রাকৃতিক দুর্যোগ/অনিবার্য কারণ ছাড়া কোনোভাবেই যেন কিশোর-কিশোরী ক্লাব বন্ধ না থাকে সে বিষয়ে সকল উপপরিচালক ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাবৃন্দকে সচেতন থাকতে অনুরোধ করা হল।

মোঃ ইকবাল হোসেন

যুগ্মসচিব

প্রকল্প পরিচালক (অঃদাঃ)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর

উপপরিচালক (সকল জেলা)

মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল উপজেলা)

**অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে:**

- ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সহকারী পরিচালক, (ওয়েবসাইটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)। মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৪। ফিল্ড সুপারভাইজর (সকল জেলা)
- ৫। অফিস কপি।